মেহেরপুরে সিপিবির জেলা শাখার সম্মেলন

বাংলাদেশ কমিউনিস্ট পার্টি (সিপিবি) মেহেরপুর জেলা শাখার সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার সকালে মেহেরপুর পুরাতন বাসস্ট্যান্ড কার্যালয়ে এ সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে সভাপতিত্ব করেন কমরেড জালাল উদ্দিন।

কমরেড শহিদুল ইসলাম কাননের সঞ্চালনায় সম্মেলনে বক্তব্য রাখেন বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (সিপিবি) এর কেন্দ্রীয় কমিটির নেতা কমরেড এস.এ রশিদ।

এছাড়াও বক্তব্য রাখেন, কমরেড আক্কাস আলী, শহিদুল ইসলাম, সিদ্দিকুর রহমান, আরজ আলী, মিজানুর রহমান, আব্দুল জব্বার, মোহাদ্দেস আলী, রফিকুল ইসলাম, মোশারফ হোসেন, মহাদেব সাহা প্রমুখ।

সম্মেলন পরবর্তীতে কমরেড জালাল উদ্দিনকে সভাপতি এবং কমরেড শহিদুল ইসলাম কাননকে সাধারণ সম্পাদক করে ১৩ সদস্য বিশিষ্ট মেহেরপুর জেলা কমিটি গঠন করা হয়েছে।

মেহেরপুর পৌর আওয়ামী লীগ:: একই কমিটি ১৮ বছর

তিন বছর মেয়াদে মেহেরপুর পৌর আওয়ামী লীগ গঠন করা হলেও বর্তমানে এই কমিটির বয়স ১৮ বছর। কমিটির মেয়াদ শেষ হয়ে ১৫ বছর অতিবাহিত হলেও গঠন হয়নি মেহেরপুর পৌর আওয়ামী লীগের নতুন কমিটি। ইতোমধ্যে পূর্ণাঙ্গ কমিটি ও উপদেষ্টা সদস্যদের অনেকেই মৃত্যুবরণ করেছেন। শুধুমাত্র কমিটি না হওয়ার কারণে মৃতরাও গুরুত্বপূর্ণ পদ দখল করে আছেন।

বর্তমান এ কমিটির সভাপতির দায়িত্ব পালন করছেন অ্যাড. ইয়ারুল ইসলাম। তিনি সদর উপজেলা চেয়ারম্যান। সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছেন মো: আক্কাস আলী।

দলীয় সূত্রে জানা গেছে, ২০০৩ সালের ৭ আগস্ট তিন বছর মেয়াদে ৬৭ সদস্য বিশিষ্ট পূর্ণাঙ্গ কার্যকরী কমিটি ও ১৭ সদস্য বিশিষ্ট উপদেষ্টা পরিষদ নিয়ে মেহেরপুর পৌর আওয়ামী লীগের কমিটি গঠন করা হয়। কিন্তু কমিটির মেয়াদ শেষ হয়ে দীর্ঘ ১৫ বছর অতিবাহিত হলেও নতুন কমিটির মুখ দেখেনি দলটির নেতাকর্মীরা। দীর্ঘ এই ১৮ বছরে কার্যকরী কমিটির ৭জন এবং উপদেষ্টা পরিষদের ৮জন মৃত্যুবরণ করেছেন।

মৃতবরণকারী নেতারা হলেন, কার্যকরী কমিটির সহ-সভাপতি ডাঃ ওমর ফারুক, দপ্তর সম্পাদক খোকন মিয়া, সদস্য খাদেমুল ইসলাম, হারুন অর রশিদ হারু, পন্টু মিয়া, জহির রায়হান সেন্টু, মোশারফ মন্ডল।

উপদেষ্টা পরিষদের মধ্যে আব্দুল মজিদ মাস্টার, মাহাবুবুর রহমান মধু, আব্দুল গণি, আব্দুল মহিত লাল্টু, আমজাদ হোসেন, বাবুল মিয়া, রফিকুল ইসলাম রফিক, শ্রী মহিমা রনজন পাল বাটুল বার্ধক্যজনিত ও বিভিন্ন কারণে মৃত্যুবরণ করেছেন।

দীর্ঘদিন একই কমিটি থাকায় রাজনৈতিক কর্মকাণ্ডে স্থবিরতা দেখা গেছে এমন প্রসঙ্গে তুলে কমিটির কয়েকজন সদস্য বলেন, কমিটিতে যিনি সভাপতি বা সেক্রেটারি হন না কেন, নতুন কমিটি হলে কর্মকাণ্ডে গতিশীলতা আসে। একই কমিটি দীর্ঘদিন থাকলে সেই কমিটি নিয়ে রাজনৈতিক কর্মকাণ্ড এগিয়ে নেওয়া কঠিন হয়ে পেড়ে। বর্তমানের পৌর আওয়ামী লীগের সে ধরণের ঘটনায় ঘটছে। দ্রুত কাউন্সিলের মাধ্যমে নতুন কমিটি গঠনের দাবি জানান তারা। তবে কিছ’দিন আগে পৌর এলাকার কয়েকটি ওয়ার্ড সম্মেলন ও কমিটি গঠন করা হলে বর্তমান কমিটির সাধারণ সম্পাদক সেগুলো মানতে নারাজ। তিনি জানিয়েছেন, নতুন কেও সব ওয়ার্ড কাউন্সিল করে কমিটি গঠন করা হবে।

বর্তমান কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক আসলাম খান পিন্টু বলেন, কবে কমিটি গঠন হয়েছে তা আমার নিজেরই মনে নেই। দীর্ঘ ১৫ বছর মেহেরপুর শহর আওয়ামী লীগের কমিটি না হওয়া খুবই দুঃখজনক। এর আগে বেশ কয়েকবার কমিটি গঠনের উদ্যোগ নেওয়া হলেও বিভিন্ন কারণে তা সম্ভব হয়নি। কেন্দ্রীয় নেতৃবৃন্দরা এসে কমিটি গঠনের কথা বললেও এখনও পর্যন্ত সম্ভব হয়নি। আমরা চাই দ্রুত কমিটি গঠন করা হোক।

পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আক্কাচ আলী বলেন, নতুন কমিটি

গঠনে আমি ৫ থেকে ৭ বার চেষ্টা করেছি। আগামী কমিটিতে আমি সভাপতি প্রার্থী। দলের নেতাকর্মীরা যদি মনে চায় আমাকে রাখবে না হয় রাখবে না, সিদ্ধান্ত তাদের কিন্তু আমি চাই কমিটিটা হোক। মূলত আমি ২০০৮ সাল থেকে চেষ্টা করছি এই কমিটির জন্য। ২০০৮ সালে আগে থেকে বিভিন্ন আন্দোলন বিভিন্ন কার্যক্রম নিয়ে কমিটি হয়নি। কিন্তু পরে কমিটি হওয়ার সুযোগ ছিলো। পরে যেই কাউন্সিলের জন্য সবকিছু রেডি করি তখনই দলের নেতাকর্মীরা ঝামেলা পাকিয়ে বসে। তাছাড়া দলের মধ্যে তো গ্রুপিং আছেই। কেউ চায় কমিটি হোক, কেউ চায় না। অনেকেই চায় তাদের পছন্দের লোক হোক, পকেটের লোক হোক। ২০১৪ সালেও আমাদের প্রতিমন্ত্রী সে সময় এমপি ছিলেন উনিও যথেষ্ট চেষ্টা করেছেন কিন্তু অন্যান্য নেতারা বাধাগ্রস্ত করেছে। বাধাগ্রস্ত করলে তো কোন কাজ হয়না। অন্যান্য নেতার চায় না কমিটি হোক। সবাই চাই পকেটের লোক হোক। তবে আশা করছি আগামী ফেব্রুয়ারি বা মার্চে কমিটি গঠন হবে।

পৌর আওয়ামী লীগের সভাপতি অ্যাড. ইয়ারুল ইসলাম বলেন, ইতোপূর্বে তিনবার কাউন্সিলের জন্য প্রস্তুতি নেওয়া হলেও তা সম্ভব হয়নি। সর্বশেষ গত নভেম্বরে কাউন্সিল হবার কথা থাকলেও সেটাও সম্ভব হয়নি।

মির্জা ফখরুল ও তাঁর স্ত্রী করোনা আক্রান্ত

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও তাঁর স্ত্রী রাহাত আরা করোনায় আক্রান্ত হয়েছেন।

আজ মঙ্গলবার (১১ জানুয়ারি) বিএনপির চেয়ারপারসনের মিডিয়া উইং সদস্য শায়রুল কবির খান গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেছেন।

শায়রুল কবির খান বলেন, আজ মঙ্গলবার মির্জা ফখরুল ইসলাম আলমগীর করোনায় আক্রান্ত হন। আগের দিন সোমবার তার স্ত্রী রাহাত আরা আক্রান্ত হন। চিকিৎসকের পরামর্শে তারা দুই জন বাসাতেই রয়েছেন বলেন শায়রুল কবির খান।

গাংনীর কাথুলী ইউনিয়ন কৃষকলীগের কমিটি গঠন

মেহেরপুরের গাংনীর কাথুলী ইউনিয়ন কৃষকলীগের কমিটি গঠন করা হয়েছে। মঙ্গলবার সন্ধ্যায় রামকৃষ্ণপুর ধলা মাধ্যমিক বিদ্যালয়ে ভোট গ্রহনের মধ্যে দিয়ে আংশিক কমিটি গঠন করা হয়।

সভাপতি পদে দুজন প্রার্থী হওয়ায় গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি তৌহিদুল ইসলাম,জেলা কৃষকলীগের সাংগঠনিক সম্পাদক মশিউর রহমান পলাশ ও গাংনী পৌর ছাত্রলীগের সাবেক সভাপতি ইমরান হাবিবকে নির্বাচন কমিশনার ঘোষনা করে তাদের তত্বাবধায়নে ব্যালট পেপারের মাধ্যমে গোপনে ভোট গ্রহন করা হয়।

১৬ জন ভোটারের মধ্যে সভাপতি পদে গাড়াবাড়িয়া স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক মো: রেজাউর রহমান রেজা সর্বাধিক ১০ ভোট পেয়ে বিজয়ী ও নওয়াপাড়া গ্রামের হাফিজুল ইসলাম ৬ ভোট পেয়ে পরাজিত হন। ভোট গ্রহন অনুষ্ঠান সহযোগিতা করেন ছাত্রনেতা আশিকুজ্জামান পিন্টু। এর আগে বিনাপ্রতিদ্বন্দিতায় সাধারন সম্পাদক নির্বাচিত করা হয় স্বাধীন হোসেনকে।

কাউন্সিল অনুষ্ঠানের পূর্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন সদ্য বিদায়ী কাথুলী ইউপি কৃষকলীগের আহবায়ক আব্দুল মান্নান।

প্রধান অতিথী হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।

প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন কৃষকলীগের জাতীয় নির্বাহী কমিটির সদস্য, জেলা কমিটির সাধারন সম্পাদক সাবেক ভিপি ও জিএস ওয়াসিম সাজ্জাদ লিখন।

আমন্ত্রিত অতিথী হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের ত্রান ও সমাজকল্যান সম্পাদক ও কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো: মিজানুর রহমান রানা, জেলা আওয়ামীলীগের কৃষি বিষয়ক সম্পাদক ফজলুল

হক ফজল,কাথুলী ইউপি আওয়ামীলীগের সাধারন সম্পাদক মোজাম্মেল হক,ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন,গাংনী উপজেলা কৃষকলীগের ভারপ্রাপ্ত সাধারন সম্পাদক সাবেক ইউপি সদস্য তহসিন আলী।

এসময় সাবেক ছাত্রনেতা এনআই রিন্টু চৌধুরী, রিয়াজ উদ্দীন আহমেদ,ইউপি সদস্য আবু হানিফ, সাবেক ইউপি সদস্য আবুল কালাম,কাথুলী ইউপি যুবলীগের সাধারন সম্পাদক সুজন, কাথুলী ইউপি ছাত্রলীগের সাবেক সভাপতি মানিক হোসেন, বর্তমান সভাপতি জামিল হোসেন সহ বিভিন্ন পর্যায়ের আওয়ামীলীগ, কৃষকলীগ,যুব ও ছাত্রলীগ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

সম্পূর্ণ গণতান্ত্রিক প্রক্রিয়ায় কাথুলী ইউনিয়ন আওয়ামী কৃষকলীগের কমিটি গঠিত হয় সকলকে অভিনন্দন জানান বক্তারা।

মেহেরপুর জেলা তাঁতী লীগ থেকে টিটোন বহিস্কার

বাংলাদেশ তাঁতী লীগ মেহেরপুর জেলা শাখার আহবায়ক কমিটির সদস্য মালেকুল ইসলাম টিটনকে তাঁতী লীগ থেকে বহিস্কার করা হয়েছে। আজ শনিবার রাতে মেহেরপুর জেলা আহবায়ক কমিটির এক জরুরী সিদ্ধান্তে তাকে বহিস্কার করা হয়েছে।
তাাঁতী লীগের আহবায়ক মো: নূরুল ইসলাম সুবাদ ও সদস্য সচিব মো: জুয়েল রানা স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে সংগঠনের নীতি,আদর্শ শৃঙ্খলা পরিপন্থী কার্যকলাপে জড়িত থাকায় মালেকুল ইসলাম টিটনকে তাঁতী লীগের সদস্য পদ থেকে বহিস্কার করা হয়েছে।
তাঁতী লীগের আহবায়ক মো: নূরুল ইসলাম সুবাদ মুঠো ফোনে বলেন, মালেকুল ইসলাম টিটনের বিরুদ্ধে অনেক গুলো অভিযোগ রয়েছে, যা সংগঠন বিরোধী। যে কারণে তাকে কমিটি থেকে বহিস্কার করা হয়েছে। এ দিকে তাঁতী লীগের আহবায়ক কমিটির দায়িত্ব শীল এক সদস্য নাম প্রকাশ না করার শর্তে বলেন, মালেকুল ইসলাম টিটনের ছোট ভাই রিকন মাদক ব্যবসা করতে যেয়ে আইনশৃংখলা বাহীনীর হাতে গুলিবৃদ্ধ হয়ে

নিহত হয়। সেও দু দুবার মাদক নিয়ে ধারা পরেছে। বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠান ও অফিস আদালতে সে হুমকী ধামকী দিয়ে চাঁদা বাজি করে। সাধারন মানুষকে চাকরি পাইয়ে দেবার নাম করে টাকা হাতিয়ে নেই। কথায় কথায় সে দেখে নেবার হুমকী দেয়। কয়েক দিন আগে বিসিকে দলের নাম ভাঙ্গীয়ে সাংবাদিক ও উদ্যোক্তাদের লাঞ্চিত করে। এতে দলের ভাবমূর্তি ক্ষুন্ন হয়েছে। তাঁতী লীগের ১৮ সদস্য বিশিষ্ট্য আহবায়ক কমিটির সে ১৩ নম্বর সদস্য হলেও নিজেকে কখনো সভাপতি আবার কখনো সহ সভাপতির পরিচয় দিয়ে ব্লাকমেল করে। একারনে আজ শনিবার সন্ধ্যায় এক জরুরী সিদ্ধন্তে তাতী লীগথেকে মালেকুল ইসলাম টিটোনকে বহিস্কার করা হয়েছে।
উল্লেখ্য গত সোমবার (৩ জানুয়ারী) মেহেরপুর বিসিক শিল্প নগরীতে করোনা পেকেজের লোনের আবেদনের বিষয়ে উদ্যোক্তারা খোঁজ নিতে গেলে মালিকুল ইসলাম টিটোনের নেতৃত্বে বহিরাগত একদল সন্ত্রাসী তিন উদ্যোক্তা ও সাংবাদিকদের লাঞ্চিত করে।

মেহেরপুর বিসিকে ৩ উদ্যোক্তাকে লাঞ্চিত করার অভিযোগ

মেহেরপুর বিসিক শিল্প নগরীতে অফিস প্রধান কর্তৃক ৩ উদ্যোক্তাকে লাঞ্চিত করার অভিযোগ উঠেছে। বিসিক শিল্প নগরিতে করোনা প্যাকেজের লোনের আবদেনের বিষয়ে খোঁজ খবর নিতে যেয়ে লাঞ্চিত হয়েছেন বলে অভিযোগ করেন উদ্যোক্তারা।

লাঞ্চিত উদ্যোক্তারা হলেন, মেহেরপুর স্কয়ার ইঞ্জিনিয়ারিং ওয়ার্ক সপের পরিচালক আবুল কালাম আজাদ বাবু, ভাই ভাই স্টিল গ্যালারির মোঃ ফিরোজ ও ফারুক ইঞ্জিনিয়ারিং এর পরিচালক ফারুক হোসেনকে। সোমবার দুপুর ১২ টার দিকে বিসিক শিল্প নাগরিতে এ ঘটনা ঘটে।

শিল্প উদ্যোক্তা স্কয়ার ইঞ্জিনিয়ারিং ওয়ার্ক সপের পরিচালক আবুল কালাম আজাদ বাবু বলেন, করোনাকালিন সরকারের শিল্প উদ্যোক্তাদের বিসিকের মাধ্যমে বিশেষ ঋণ দেওয়া চালু রয়েছে। সেই ঋণের আবেদনের

বিষয়ে আমি সহ ৪ জন উদ্যোক্তা খোঁজ নিতে গেলে আমাদের এখানকার কর্মকর্তারা রাগান্বিত হয়ে ওঠেন। পরে কর্মকর্তা সহ অন্যান্যরা আমাদের ধাক্কা মেরে অফিস থেকে নামিয়ে দেন।

তিনি আরও বলেন, অফিস খরচ বলে গত দুই মাস আগে আমার সাথে তিনি দুই হাজার টাকা নেন। তখন তিনি বলেন ৭ দিনের মধ্যে আপনার ফাইল রেডি করে আপনাকে লোন দেওয়া হবে কিন্তু আজ পর্যন্ত আমাকে লোন দেওয়া হয়নি। লোনের আবেদন করার পর থেকে, লোন আজ হবে, কাল হবে বলে তিনি হয়রানি করছেন।

তিনি বলেন করোনাকালীন সময়ে প্রধানমন্ত্রীর প্রণোদনার যে টাকা এসেছিল তখন আমি আবেদন করি। এসময় বলা হয়েছিল প্রথমেই আমাকে টাকাটা দেওয়া হবে। এই টাকা এসেছে অক্টোবর মাসে। কিন্তু অক্টোবর মাস থেকে আমাকে এযাবৎকাল ঘোরানো হচ্ছে। তারা বলছে আপনার কারখানা পরিদর্শন করবো তারপরে টাকা দেবো। কিন্তু এই সাত মাস ধরে কারখানা আর পরিদর্শন হয় না। আজকে এসে আমি যখন বলি কারখানা পরিদর্শনের নামে আমাকে ঘোরাতে পারেন না, আমাকে এভাবে ঘোরায়েন না। একথা বলায় দু এক কথায় আমাকে অফিসের কর্মকর্তা আশানুজ্জামান সহ অন্যান্য স্টাফরা ঘাড় ধাক্কা দিয়ে সিড়িতে ফেলে দেয়।

চাঁদবিল কলার মোড় এলাকার ভাই ভাই ষ্টিল গ্যালারীর পরিচালক ফিরোজ আলী বলেন, গত সাত মাস আগে লোনের জন্য আবেদন করেছি কিন্তু লোন পাইনি। আবেদন জমা নেওয়ার কোন রশিদ দেয়নি। এবিষয়ে অফিস থেকে কোন তথ্য জানতে চাইলে হয়রানি হতে হয়। একই অভিযোগ করেন ফারুক ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ এর পরিচালক ফারুক হোসেন ও রিমন বাবু।

এসময় ঘটনাস্থলে মেহেরপুর জেলা তাঁতী লীগের সহ সভাপতি মালেকুল ইসলাম টিটোন এসে ভুক্তভোগীদের বক্তব্য নিতে সাংবাদিকদের বাধা প্রদান করেন। টিটোন বলেন, এটা একটি সরকারী প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠান কে ঢুকবে না ঢুকবে আমি দেখবো। আর সরকারি প্রতিষ্ঠানে সাংবাদিকরা ঢুকলে তাদেরও দেখে নেওয়া হবে। এসময় এশিয়ান টিভির জেলা প্রতিনিধি মিজানুর রহমান জনিকে লাঞ্চিত করেন তিনি।

মেহেরপুর জেলা তাঁতী লীগের সভাপতি নুর ইসলাম সুবাদ মুঠোফোনে বলেন, বিসিকে সে কেন যাবে? এভাবে তাঁতী লীগের পরিচয় দিয়ে যেখানে সেখানে হুমকী ধামকি দেবে এটা ঠিক না। বিষয়টা আমরা দেখছি। তবে এটা নিয়ে নিউজ করেন না।

মেহেরপুর বিসিকের উপ ব্যবস্থাপক মো: আশানুজ্জামান বলেন, কাকে ঋণ

দেবো আর না দেবো সেটা আমাদের বিষয়। এ বিষয়ে আমরা জবাব দিতে বাধ্য নয়। তা ছাড়া মেহেরপুর জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক লিখন আমার আত্মীয়। তিনি আরো বলেন, আবুল কালাম আমাদের হুমকী ধামকি দিলে তাকে আমাদের কর্মচারীরা ঘাড় ধরে বের করে দেন। আর টিটোন আমাদের কর্মকর্তা আসাদুলের আত্মীয়। তার ডাকে সে এসেছে।

মেহেরপুরে জাতীয় পার্টির ৩৬ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

মেহেরপুরে জাতীয় পার্টির ৩৬ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়ার আয়োজন করা হয়েছে। শনিবার বিকেলে পৌর ঈদগাহ সংলগ্ন কুটুম বাড়ির মিলনায়তনে জেলা জাতীয় পার্টির আয়োজনে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর পৌর কমিটি জাতীয় পার্টির সাবেক সভাপতি মোঃ আব্দুল রাজ্জাকের সভাপতিত্বে প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন, জেলা জাতীয় পার্টির সাবেক সিনিয়র সহ সভাপতি ও সাবেক কমিশনার মোঃ মোসলেম আলী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা জাতীয় পার্টির সাবেক সভাপতি মোঃ আব্দুল হামিদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা জাতীয় পার্টির সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক ও সাবেক সভাপতি মোঃ কামরুল ইসলাম, জেলা জাতীয় পার্টির সাবেক প্রচার সম্পাদক মোঃ মামলত হোসেন, সদর উপজেলা জাতীয় পার্টির সাবেক সভাপতি মোঃ কুতুব উদ্দিন, সাবেক সাধারণ সম্পাদক মোঃ নজরুল ইসলাম, জেলা জাতীয় শ্রমিক পার্টির সভাপতি মোঃ ইকবাল হোসেন সহ প্রমুখ।

ঝিনাইদহে বিএনপি’র সমাবেশে জনতার উত্তাল ঢেউ

দেশে জনতার যে উত্তাল ঢেউ উঠেছে এই ঢেউয়ে শেখ হাসিনা সরকারের পতন হবে। এ সরকার মানুষের সাংবিধানিক অধিকার ধ্বংস করেছে। বিএনপি’র নেতাকর্মীদের খুন ও গুম করেছে। তাদের বিরুদ্ধে হাজার হাজার মামলা দিয়ে নেতাকর্মীদের জেলে পুরেছে।

বুধবার দুপুরে ঝিনাইদহ উজির আলী স্কুল মাঠে জেলা বিএনপির আহ্বায়ক এ্যাড. এস এম মশিয়ুর রহমান’র সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বিএনপির ভাইস চেয়ারম্যান নিতাই রায় চৌধুরী এ কথা বলেন।

তিনি আরও বলেন, বিএনপি জাতীয় স্বার্থের পক্ষের দল। আর আওয়ামী লীগ গণতন্ত্র বিরোধী ও জাতীয় স্বার্থ বিরোধী দল। বেগম খালেদা জিয়া রাজপথে সংগ্রাম করে দেশে গণতন্ত্র প্রতিষ্ঠা করেছিলেন। আমাদেরও রাজপথে আন্দোলন করে বেগম খালেদা জিয়াকে মুক্ত করতে হবে।

নিতাই রায় চৌধুরী আরও বলেন, এ সরকারের পতন পথ তৈরী হয়ে গেছে। গণতন্ত্রের আন্দোলন গণঅভ্যুথানে রূপ নিচ্ছে। দ্রুত বেগম খালেদা জিয়ার নিঃশর্ত মুক্তি দিয়ে বিদেশে সুচিকিৎসা নেওয়ার জন্য সরকারের প্রতি দাবি জানান তিনি।
বিএনপির চেয়ারপার্সনের উপদেষ্টা মসিউর রহমান তার বক্তব্যে বলেন, পুলিশ প্রশাসন এ সমাবেশ বন্ধ করতে বিভিন্ন স্থানে নেতাকর্মীদের বাড়িতে হানা দিয়েছে। আসার পথে বাঁধার সৃষ্টি করেছে।

তিনি বলেন, গণতন্ত্র ও মানবাধিকার পুনরুদ্ধার করতে রাজপথের আন্দোলন আরও জোরদার করতে হবে। সমাবেশে জেলা বিএনপির সদস্য সচিব এ্যাড. এম এ মজিদ এর সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিএনপির চেয়ারপার্সনের উপদেষ্টা মসিউর রহমান, কুষ্টিয়া জেলা বিএনপির সাধারণ সম্পাদক সোহরাব উদ্দিন, কেন্দ্রীয় বিএনপির মানবাধিকার বিষয়ক সম্পাদক এ্যাড. আসাদুজ্জামান, খুলনা বিভাগীয় সাংগঠনিক সম্পাদক অনিন্দ ইসলাম অমিত, সহ-সাংগঠনিক সম্পাদক জয়ন্ত কুমার কুন্ডু। এছাড়াও বক্তব্য রাখেন বিএনপি নেতা এম এ ওহাব, শহীদুজ্জামান বেল্টু, আমিরুজ্জামান খান শিমুলসহ বিএনপি ও অঙ্গসংগঠনের স্থানীয় ও কেন্দ্রীয় নেতৃবৃন্দ।

বুধবার সকাল ১১ টায় আনুষ্ঠানিক ভাবে সমাবেশ শুরু হয়। এর আগে

ঝিনাইদহের বিভিন্ন উপজেলা, পার্শবর্তী মাগুরা, কুষ্টিয়া, যশোর ও চুয়াডাঙ্গা থেকে হাজার হাজার নেতাকর্মী সমাবেশ স্থলে হাজির হয়।

মেহেরপুরের সাবেক উপজেলা চেয়ারম্যান পালু অসুস্থ

মেহেরপুর সদর উপজেলার প্রথম চেয়ারম্যান ও জেলা জাতীয় পার্টির সাবেক সভাপতি খন্দকার আমিরুল ইসলাম পালু (৭৮) অসুস্থ হয়ে রাজধানীর বারডেম হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

তিনি ডায়োবেটিস, কিডনির জটিল রোগে ভুগছেন। গত দুই সপ্তাহ ধরে তিনি মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। অবস্থা গুরতর হওয়ায় গত মঙ্গলবার চিকিৎসক তাঁকে বারডেম হাসপাতালে রেফার্ড করেন। এর আগে তিনি শহরের তাঁতীপাড়ার নিজ বাসভবনে অসুস্থ অবস্থায় দিন যাপন করছিলেন।

খন্দকার আমিরুল ইসলাম পালু মেহেরপুর পৌরসভার কমিশনার নির্বাচিত হয়েছিলেন। পরে তিনি পৌরসভার চেয়ারম্যানও নির্বাচিত হন।

খন্দকার আমিরুল ইসলাম পালুর ভাতিজা রাজন খন্দকার জানান, এই বর্ষিয়ান রাজনীতিবীদ বর্তমানে ক্রনিক সিওপিডি রোগে ভুগছেন। তার সুস্থতার জন্য পরিবারের পক্ষ থেকে মেহেরপুরবাসীর কাছে দোয়া চেয়েছেন।

মেহেরপুরে সাবেক ছাত্রনেতাদের

মতবিনিময় সভা

‘চলমান রাজনীতি, মেহেরপুর প্রেক্ষিত: সাবেক ছাত্রনেতাদের ভাবনা’ শীর্ষক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার রাতে মেহেরপুরের ফিনফুড মিলনায়তনে ‘ইউনাইটেড মেহেরপুর’ এর ব্যানারে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

সাবেক ছাত্রনেতা আব্দুল মান্নানের সভাপতিত্বে মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন, সাবেক ছাত্রনেতা, বাংলাদেশ আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা উপকমিটির সদস্য এম.এ. এস ইমন, বাংলাদেশ আওয়ামীলীগের সংস্কৃতি বিষয়ক উপকমিটির সদস্য আসলাম শিহির, সাবেক ছাত্র লীগ নেতা অ্যাড. রফিকুজ্জামান বাবু।

বক্তব্য দেন সাবেক ছাত্রনেতা, সুবক্তগীন মাহামুদ পলাশ, রেজাউর রহমান নান্নু, মোস্তাফিজুর রহমান বাবুল, মমিনুল ইসলাম, নিশান সাবের, আতিক স্বপন, মোস্তাফিজুর রহমান চন্দন, শরীফ রেজা পান্না, বেলাল হোসেন, শেখ মোমিন, নুরুল ইসলাম রিন্টুসহ প্রমুখ।

গণমাধ্যম কর্মীদের মধ্যে উপস্থিত ছিলেন, ইয়াদুল মোমিন, মাহাবুব চান্দু, তুহিন অরণ্য, মিজানুর রহমান, মর্তুজা ফারুক, সাঈদ হোসেন, মাহাবুবুল হক, মাসুদ রানা,মেহের আমজাদ, ফারুক মল্লিক, রামিজ আহসান সহ প্রমুখ।

মতবিনিময় সভায় সাবেক ছাত্র নেতারা বলেন, তারা বাংলাদেশ ছাত্রলীগের রাজনীতি করার সময় নানা হয়রানি, মামলা, হামলার শিকার হয়েছে। খেয়ে না খেয়ে রাজনীতির মাঠে থেকেছেন। জীবনের গুরত্বপূর্ণ সময় তারা রাজনীতিতে ব্যয় করেছেন। অথচ বাংলাদেশ আওয়ামী লীগ ও তার অঙ্গ সংগঠনের কোন কমিটিতে তারা মূল্যায়ন পাননা। আজ যারা কোনদিন রাজনীতি করেননি তারা বড় বড় পদ নিয়ে রাজনীতি করছেন। অথচ সাবেক ছাত্রনেতাদের কথা কেউ মনে রাখেনা। তাদের কেউ খোঁজ রাখেন না।

ছাত্রনেতারা আরো বলেন, এই মতবিনিময় সভার মাধ্যমে তারা সিদ্ধান্তে উপনিত হন যেন দলীয় ফোরামে যাতে তাদের মূল্য্য়ন করা হয়। দলের সবোর্চ্চ নীতি নির্ধারণি পর্যায়ে তাদের দাবির বিষয়টি তুলে ধরতে চান। এবং এই প্লাটফর্মের মাধ্যমে তারা সাবেক ছাত্র নেতাদের একত্রিত করে আগামি কমিটিগুলোতে সাবেক ছাত্রনেতাদের দেখতে চান।